ইত্তেফাক

তারিখ 24 JUL 1986
পৃষ্ঠা 1 কলাম 5

# সরকারী হোমিও কলেজ ও হাসপাতাল সেপ্টেম্বরে চালু হইবে

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বিশ্ববিদ্যালয়, জীববিজ্ঞান অনুষদের ফার্মাসী বিভাগের আওতায় হোমিওপ্যাথিক চিকিৎসা বিজ্ঞানের ডিগ্রীকোর্সকে ভার্সিটির ডিগ্রী হিসাবে স্বীকৃতি প্রদানের সিদ্ধান্ত নিয়াছে। ঢাকায় অবস্থিত হোমিওপ্যাথ ডিগ্রী কলেজটি ঢাকা ভার্সিটির ২১তম অধিভুক্ত কলেজ হিসাবে মর্যাদা পাইবে। মীরপুর চৌদ্দ নম্বর

( ২য় পৃঃ দ্রঃ )

(১ম পৃঃ পর)

সেকশনে নির্মীয়মাণ সরকারী হোমিও কলেজ ও হাসপাতালে সেপ্টেম্বর হইতে কাজ শুরু হইবে। হোমিওপ্যাথিক ডিগ্রীকে স্বীকৃতিদানের দাবীতে শিক্ষার্থীরা ডিগ্রী বাস্তবায়ন পরিষদ গঠন করিয়া গত তিন বৎসর যাবৎ আন্দোলন করিতেছিল।

ঢাকা ভার্সিটির ভিসি প্রফেসর এ মান্নানের সম্বর্ধনা অনুষ্ঠানে ভিসিসহ বিভিন্ন বক্তা এ তথ্য প্রকাশ করেন। টিএসসির সেমিনার কক্ষে হোমিও ডিগ্রী বাস্তবায়ন পরিষদ আয়োজিত সম্বর্ধনা সভায় প্রধান অতিথি ছিলেন প্রফেসর সৈয়দ আলী আহসান, পরিকল্পনা কমিশনের ভূতপূর্ব সদস্য ডঃ আবদুল্লাহ ফারুক, প্রবীণ সাংবাদিক আলহাজ্ব শামস-উল-হুদা, জীববিজ্ঞান অনুষদের ডীন ডঃ কাজী জাকির হোসেন ছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন হোমিও প্রকল্পের ভূতপূর্ব পরিচালক জনাব আনোয়ারুল হক, কলেজ অধ্যক্ষ জনাব মোহাম্মদ হোসেন। পরিষদ সভাপতি নজরুল ইসলাম ভুঁইয়া অনুষ্ঠানে সভাপতিত্ব করেন. প্রধান অতিথি প্রফেসর সৈয়দ আলী আহসান শিল্পোন্নত পাশ্চাত্য দেশে এলোপ্যাথির অত্যাধুনিক চিকিৎসা অতীব ব্যয়বহুল হইয়া পড়ার কথা উল্লেখ করিয়া বলেন, কোন সেবাসংস্থার সহায়তা না পাইলে সেখানে কোন দরিদ্র ব্যক্তির পক্ষে আজ চিকিৎসা গ্রহণ দুষ্কর। হোমিও চিকিৎসা খুব ব্যয় বহুল নয়। হোমিওপ্যাথ ডিগ্রী কলেজকে ল্যাবোরেটরী, লাইব্রেরী, শবব্যব-

## সরকারী হোমিও কলেজ

ছেদ ব্যবস্থা এবং দেহ পরীক্ষার যন্ত্রপাতিতে আধুনিক করিয়া তোলার জন্য তিনি পরামর্শ দেন।

এ চিকিৎসার ঔষধরাজি ছোট, মাঝারি ও বড় শিল্পে দেশীয়ভাবে উৎপাদনের উদ্দেশ্যে 'প্রয়োজনীয়' হিসাবে ঔষধসংখ্যা সুনির্দিষ্ট করিয়া দেওয়া হইয়াছে। ইহাতে কোন ভুল হইয়া থাকিলে সংশোধনের অবকাশও আছে।

তিনি 'হোমিও ডিগ্রী বাস্তবায়ন পরিষদ' বিলোপ করিয়া দিবার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান এবং বলেন, তাহাদের দাবী পূরণ হইয়াছে। সিলেবাস প্রণীত হইয়াছে। অনুষদ প্রতিনিধি ও ভার্সিটির কলেজ পরিদর্শক শীঘ্রই তাহাদের কলেজ পরিদর্শন করিবেন। উল্লেখ্য, দেশে হোমিওপ্যাথির ১টি ডিগ্রী কলেজ ছাড়া ডিপ্লোমা কলেজের সংখ্যা ২০টি। এসএসসি উত্তীর্ণরা ডিপ্লোমা কোর্সে চার বৎসর অধ্যয়ন করে। ডিগ্রী কোর্স ৫ বৎসরের। এইচ-এস সি (বিজ্ঞান) উত্তীর্ণরা এ কোর্সে ভর্তি হয়। দেশে হোমিওপ্যাথ চিকিৎসকের সংখ্যা ৩০ হাজার, তন্মধ্যে ২০/২৫ ভাগ ডিপ্লোমাধারী। ডিপ্লোমাকোর্স নূতনভাবে পুনর্গঠিত হোমিও বোর্ডের আওতায় পরিচালিত হয়।